**তথ্য মন্ত্রণালয়**

নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | প্রশাসন-১ শাখা হতে বিভিন্ন শাখা/অধিশাখায় স্টেশনারী মালামাল প্রদান সহজিকরণ। | স্টেশনারী মালামাল প্রদান প্রক্রিয়াটি ০৫টি ধাপে, বিভিন্ন শাখা/অধিশাখা হতে স্টেশনারী মালামালের চাহিদাপত্র-সংশ্লিষ্ট এও>শাখা প্রধান>প্রশাসন-১ শাখার শাখা প্রধান>এও (প্রশাসন-১) >স্টোর কিপার এর মাধ্যমে সম্পন্ন হয়। বর্তমানে প্রক্রিয়াটি সহজিকরণের লক্ষ্যে একটি ধাপ কমিয়ে মোট চারটি ধাপে ৩৬ ঘন্টার মধ্যে সরবরাহ করা হবে। অর্থাৎ বিভিন্ন শাখা/অধিশাখা হতে স্টেশনারী মালামালের চাহিদাপত্র সংশ্লিষ্ট শাখার এও>সংশ্লিষ্ট শাখা প্রধান>প্রশাসন-১ শাখার শাখা প্রধান>স্টোর কিপার। | ০৫টি ধাপে মোট ০৩ দিন (৭২ ঘন্টা) ব্যয়ের পরিবর্তে বর্তমানে ০৪টি ধাপে ৩৬ ঘন্টার মধ্যে সরবরাহ করা হবে। |

# <u>বাংলাদেশ বেতার</u>

## নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | বেতার অটোমেশন সফটওয়্যার | এই সফটওয়্যারটির কার্যক্রমে, শিল্পীর সাথে যোগাযোগের ব্যবস্থা রয়েছে। ফলে একজন শিল্পীকে যখন কোন অনুষ্ঠানের দায়িত্ব দেয়া হবে তখন তিনি মোবাইলে sms পাবেন। এছাড়া এই সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীগণ তাদের প্রোফাইল আপডেট করতে পারবেন এবং দপ্তরের অর্থিক ব্যবস্থাপনাসহ সকল প্রচার কাজের বিবরণ থাকবে। | এই সেবার মাধ্যমে শ্রোতারা উপকৃত হবেন। একইভাবে দাপ্তরিক কাজে গতিশীলতা, দায়িত্বশীলতা ও স্বচ্ছতা নিশ্চিত করা হবে। |

# বাংলাদেশ টেলিভিশন

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | বিটিভির মোবাইল এপস চালু | বালাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ সরাসরি ঢাকা কেন্দ্রে থেকে ১৪টি কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে টেরেস্ট্রিয়াল সম্প্রচার করা হয়ে থাকে। বর্তমানে বিটিভির অনুষ্ঠান সংবাদ দর্শকদের নিকট সহজে পৌঁছে দিতে সমসাময়িক প্রযুক্তি হিসেবে মোবাইল এপস চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভির দর্শকগণ তাঁদের নিজস্ব মোবাইলের এপসটি ইনস্টলের মাধ্যমে বিটিভির সংবাদ, অনুষ্ঠান/খেলাধুলা দেখার সুযোগ পাচ্ছে। এছাড়া জনগুরুত্বপূর্ণ বিষয় এপ এর মাধ্যমে প্রচারের ফলে বিটিভির অনুষ্ঠান/সংবাদের দর্শকপ্রিয়তা আরো বৃদ্ধি পাবে। |
| ২ | বিটিভির বেলা দুইটার সংবাদ ফেসবুকে সরাসরি সম্প্রচার | বাংলাদেশ টেলিভিশনের বেলা ০২:০০ টার সংবাদ ইতোমধ্যে সকল বেসরকারি টিভি চ্যানেল প্রচার করা হচ্ছে। বর্তমানে টিভি চ্যানেলের পাশাপাশি দর্শকগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের প্রতি বেশি আসক্ত। ফলে বিটিভির সংবাদ দর্শকদের নিকট সহজে পৌঁছে দিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভির বেলা দুইটার সংবাদ ফেসবুকে সরাসরি সম্প্রচারের ফলে টেলিভিশনের পাশাপাশি মোবাইল ব্যবহারকারী দর্শকগণ নিজস্ব মোবাইলের মাধ্যমে ফেসবুকে বিটিভির দু'টার সংবাদ দেখার সুযোগ পাবে। ফলে বিটিভির সংবাদ দর্শকদের দৌড়গড়ায় সহজে পৌঁছে দেয়া সম্ভব। |
| ৩ | Under vehicle Scanner (Using Boom barrier) প্রচলন। | বাংলাদেশ টেলিভিশন একটি কেপিআই গ্রেড-১ প্রতিষ্ঠান। শতভাগ নিরাপত্তা নিশ্চিতকল্পে বিটিভিতে আগত দর্শনার্থী ও কলাকুশলীদের গাড়িসহ সকল গাড়ি নিয়মিতভাবে তল্লাশী করা হয়। বর্তমানে নিরাপত্তা ব্যবস্থাকে আরো আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির Mirror এর পরিবর্তে Under vehicle Scanner (Using Boom barrier) চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Mirror পদ্ধতিতে একজন নিরাপত্তা প্রহরীকে গাড়ীর চতুর্দিকে ঘুরে Mirror দিয়ে নিরাপত্তা তল্লাশী করতে হয় বিধায় অধিক সময়ের প্রয়োজন হয়। এছাড়া, ১০০% নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়না। | স্থায়ীভাবে সংস্থাপিত Under vehicle Scanner (Using Boom barrier) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনে প্রবেশকৃত সকল গাড়ির নিরাপত্তা তল্লাশী আধুনিক পদ্ধতিতে স্বল্প সময়ে ত্রুটিপূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে। |

**গণযোগাযোগ অধিদপ্তর**

নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | ইউটিউবে ডকুমেন্টরি, উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে স্থানীয় ব্যাপক জনগোষ্ঠীকে প্রদর্শনের ব্যবস্থাকরণ | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে ব্যাপক জনগোষ্ঠীকে দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্তকরণ | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করার ফলে জনগণ চলচ্চিত্র/বিনোদন উপভোগের মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা সহজে পাচ্ছে। |

**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট**

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | মুক্তপাঠে ই-লার্নিং কোর্স অন্তর্ভুক্তকরণ (মাইক্রোফোনের ব্যবহার) | • A2i এর সহযোগিতায় অনলাইন প্রশিক্ষণ প্লাটফর্ম 'মুক্তপাঠ'- এ মাইক্রোফোনের ব্যবহার সম্পর্কিত ই-লার্নিং কোর্স অন্তর্ভুক্তকরণ।<br>• কোর্সটি অনলাইনে মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ। | • প্রশিক্ষণের সঠিক মান বজায় রেখে অনলাইনে প্রশিক্ষণ প্রদান।<br>• একই সাথে প্রশিক্ষণার্থীদের সঠিক মূল্যায়ন করা সহজ হবে।<br>• এছাড়া প্রশিক্ষণার্থীগণ যেকোন সময় যেকোন স্থান থেকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে। |

# <u>বাংলাদেশ ফিল্ম আর্কাইভ</u>

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | এলইডি ডিসপ্লে স্থাপন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের সম্মুখভাগে এলইডি ডিসপ্লে স্থাপন করা। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সম্পর্কিত বিভিন্ন প্রচারণামূলক ভিডিও, ফুটেজ, চলচ্চিত্র প্রদর্শনী সংক্রান্ত তথ্য জনগনের নিকট প্রকাশ ও প্রচার করার জন্য ভবনের সম্মুখভাগে এলইডি ডিসপ্লে স্থাপন করা। |

# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজ করা | নতুন পদ্ধতিতে সেবাসহযোগিতার প্রয়োজনী বইটি পিআইবি লাইব্রেরিতে আছে কিনা তা জানা যাবে। | সেবা প্রদান প্রক্রিয়া সহজ হবে এবং গ্রাহকদের সময় ও সেবা গ্রহণের ভোগান্তি কমবে। |
| ০২ | পিআইবি’র মোবাইল এপ্লিকেশন তৈরি | মোবাইলের মাধ্যমে পিআইবি’র তথ্যাদি ও এ সংক্রান্ত সেবা পাওয়া সহজ হবে। | হাতের মুঠোয় পিআইবি’র তথ্যাদি ও সেবা পাবে ফলে গ্রাহকদের ভোগান্তি কমবে। |

# বাংলাদেশ প্রেস কাউন্সিল

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | সংবাদপত্রে প্রকাশিত সংবাদের দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে অভিযোগ দায়ের | সংবাদপত্রে প্রকাশিত কোনো সংবাদ বা প্রতিবেদন দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হলে প্রেস কাউন্সিল এক্ট ১৯৭৪ এর ১২ ধারা অনুযায়ী সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারবেন। | সংবাদপত্রে প্রকাশিত কোনো সংবাদ বা প্রতিবেদন দ্বারা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হলে প্রেস কাউন্সিল এক্ট  ১৯৭৪ এর ১২ ধারা অনুযায়ী সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্রের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার জন্য কাউন্সিলের দাপ্তরিক কার্যালয়ে আসার প্রয়োজন হবেনা। যেকোনো জায়গায় বসে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারবেন। |

# <u>বাংলাদেশ সংবাদ সংস্থা</u>

## নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | সংবাদ ও ছবি সরবরাহ | ই-মেইলের মাধ্যমে এবং ওয়েব পোর্টালে পাসওয়ার্ড ব্যবহার করে গ্রাহকরা সহজেই বাসস পরিরেশিত সব ধরণের সংবাদ ও ছবি সরবরাহ করতে পারে। | এই পদ্ধতিতে সংবাদ সংগ্রহের ফলে প্রিন্টারের ব্যবহার না করার কারণে কাগজের ব্যবহার অনেকাংশ হ্রাস পেয়েছে এবং সংবাদ দ্রুত সরবরাহ করা সম্ভব হচ্ছে। |
| ০২ | প্রেস রিলিজ | ই-মেইলের মাধ্যমে প্রেস রিলিজ ও ছবি গ্রহনের ব্যবস্থা করা হয়েছে। | এই পদ্ধতিতে সকল নাগরিক/গ্রাহককে সরাসরি সংস্থায় আসার প্রয়োজন হয় না। |
| ০৩ | তথ্য অধিকার আইনে প্রদত্ত সেবা | এই আইনের অধীনে প্রদত্ত বিভিন্ন তথ্যের চাহিদা গ্রহন ও তা প্রদান ই-মেইলের মাধ্যমে দেয়া হচ্ছে। | এই পদ্ধতিতে সকল নাগরিক/গ্রাহককে তার কাঙ্খিত তথ্যের জন্য সংস্থায় আসার প্রয়োজন হয় না। |
| ০৪ | পরামর্শ ও অভিযোগ গ্রহণ সেবা | গ্রাহকদের মতামত, পরামর্শ ও অভিযোগ নিজ পোর্টালে ফিড-ব্যাক/মতামত হিসেবে অনলাইনে গ্রহন এবং এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করার ব্যবস্থা রয়েছে। | এই পদ্ধতিতে সকল নাগরিক/গ্রাহকগণ সরাসরি ই-মেইলের মাধ্যমে তাদের পরামর্শ প্রদান এবং অভিযোগের বিষয়টি প্রেরণ করতে পারে। |

# বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | আইসিটি ও প্রশিক্ষণ | আইসিটি ও প্রশিক্ষণ শাখা বিএফডিসির অর্গানোগ্রামে নতুন সংযুক্ত করার মাধ্যমে বছরব্যাপী চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জন্য বিভিন্ন চলমান কারিগরি ও বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বাংলাদেশ সরকারের ডিজিটাল সেবা কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়া। | এই শাখা চালু করার মাধ্যমে বিভিন্ন আইসিটি কার্যক্রম পরিচালনা ও চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন ব্যবহারিক ও অনুশীলন ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেবা প্রার্থীদের উন্নত সেবা প্রাপ্তিতে নিশ্চয়তা প্রদান। |

# বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

## নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তন। | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তন | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তনের ফলে দপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের যথাসময়ে অফিসে উপস্থিতি হওয়ার বিষয়টি নিশ্চিত হবে। |
| ০২ | চলচ্চিত্রের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেইজ তৈরি | একটি চলচ্চিত্র নির্মাণের প্রেক্ষাপট, চলচ্চিত্রের কাহিনি, দৃশ্য চিত্রায়নের স্থান, অভিনীত শিল্পী, কলা-কুশলী, সর্বোপরি নির্মিত চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধভিত্তিক কিনা? সরকারি অনুদানে নির্মিত কিনা? ইত্যাদি তথ্য সমৃদ্ধ ডাটাবেইজ তৈরি। | একটি চলচ্চিত্র নির্মাণের প্রেক্ষাপট, চলচ্চিত্রের কাহিনি, দৃশ্য চিত্রায়নের স্থান, অভিনিত শিল্পী, কলা-কুশলী, সর্বোপরি নির্মিত চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধভিত্তিক কিনা? সরকারি অনুদানে নির্মিত কিনা? ইত্যাদি তথ্য বর্তমানে হার্ডফাইলে সংরক্ষিত থাকে।<br><br>বর্ণিত ডাটাবেইজটি তৈরি করা হলে এক ক্লিকেই একটি চলচ্চিত্রের সকল তথ্য পাওয়া যাবে এবং খুব সহজেই চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব হবে।এতে সময় ও অর্থের সাশ্রয় হবে। একই সাথে সেবাগ্রহীতাগণ দ্রুততম সময়ে সেবা পাবেন। |
| ০৩ | চলচ্চিত্রের রিভাইজড ভার্সন সেন্সরের আবেদন ফরম অনলাইন আবেদন ব্যবস্থায় সংযোজন। | চলচ্চিত্রের রিভাইজড ভার্সন সেন্সরের আবেদন ফরম অনলাইন আবেদন ব্যবস্থায় সংযোজন। | আবেদন ফরমটি অনলাইন করা হলে চলচ্চিত্রের প্রযোজকসহ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহিতাগণ বাংলাদেশ অনলাইনে আবেদন দাখিল করতে পারবেন। এতে সময় ও অর্থের সাশ্রয় হবে। পাশাপাশি সেবাগ্রহীতাগণ দ্রুত সেবা পাবেন। |
| ০৪ | সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রে প্রচার সামগ্রী অনুমোদনের জন্য ফরমটি অনলাইন আবেদন ব্যবস্থায় অন্তর্ভুক্তকরণ। | সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রে প্রচার সামগ্রী অনুমোদনের জন্য চলচ্চত্রের প্রচার সামগ্রী ফরমটি অনলাইন আবেদন ব্যবস্থায় অন্তর্ভুক্তকরণ। | আবেদন ফরমটি অনলাইন ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হলে চলচ্চিত্রের প্রযোজকসহ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহিতাগণ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে স্ব-শরীরে না এসে চলচ্চিত্রের প্রচার সামগ্রী যেমন পোস্টারের অনুমোদনের জন্য অনলাইনে আবেদন দাখিল করতে পারবেন। এতে সময় ও অর্থের সাশ্রয় হবে এবং সাথে সেবাগ্রহীতাগণ দ্রুততম সময়ে সেবা পাবেন। |

# চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার নাম</th><th>সেবার সংক্ষিপ্ত বিবরণ</th><th>সহজিকরণের ফলাফল</th></tr>
<tr><td>০১</td><td>লেখক সম্মানী মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান।</td><td>চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর একটি সৃজনশীল প্রকাশনা প্রতিষ্ঠান। এ অধিদপ্তর থেকে সচিত্র বাংলাদেশ, মাসিক নবারুণ, বাংলাদেশ কোয়ার্টারলি ও এডহক প্রকাশনা হিসেবে সরকারের উন্নয়নমূলক তথ্য সম্বলিত এবং দেশের ইতিহাস ঐতিহ্যভিত্তিক প্রকাশনাসমূহ নিয়মিতভাবে প্রকাশিত হয়। এসব প্রকাশনায় দেশের বিভিন্ন জেলা ও উপজেলার এমনকি তৃণমূল পর্যায়ের লেখক, কবি ও সাহিত্যিকগণ বিভিন্ন লেখা প্রেরণ করে থাকেন। বিধি মোতাবেক লেখকগণ সম্মানী পেয়ে থাকেন। প্রতি মাসে হার গড়ে ৭০ হাজার টাকা প্রদান করা হয়। নিম্নে কয়েকটি লেখক সম্মানীর হার উল্লেখ করা হলো:
<table>
<tr><th rowspan="2">ক্র: নং</th><th rowspan="2">বিষয়</th><th colspan="2">হার (টাকা)</th></tr>
<tr><th>প্রতিষ্ঠিত গবেষক/ লেখক</th><th>নবীন গবেষক/ লেখক</th></tr>
<tr><td>০১</td><td>প্রচ্ছদ প্রতিবেদন/প্রতিবেদন</td><td>১৫০০</td><td>১০০০</td></tr>
<tr><td>০২</td><td>ফিচার</td><td>১০০০</td><td>৮০০</td></tr>
<tr><td>০৩</td><td>প্রবন্ধ</td><td>১৫০০</td><td>১০০০</td></tr>
<tr><td>০৪</td><td>নিবন্ধ</td><td>১০০০</td><td>৮০০</td></tr>
<tr><td>০৫</td><td>গল্প</td><td>১৫০০</td><td>১০০০</td></tr>
<tr><td>০৬</td><td>কবিতা/ছড়া</td><td>৭০০</td><td>৭০০</td></tr>
<tr><td>০৭</td><td>শিশুদের আঁকা চিত্র, গল্প, কবিতা, ছড়া, নিবন্ধ ইত্যাদি।</td><td colspan="2">৮০০</td></tr>
</table>
সম্মানীর অর্থ সংগ্রহ করতে লেখকদেরকে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে আসতে হয়। দেশের দূর-দূরান্ত থেকে লেখকদের অফিসে আসতে নানা ভোগান্তিসহ আর্থিক ক্ষতি হয়। এসব ভোগান্তি দূরীকরণে লেখক সম্মানী মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদানের জন্য এ উদ্ভবানী প্রচেষ্টা।</td><td>• মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সহজেই টাকা নিজ একাউন্টে চলে যাবে।<br><br>• লেখকগণ যাতায়াত বাবদ খরচ থেকে বেঁচে যাবে।<br><br>• সর্বোপরি ভোগান্তি থেকে মুক্তি পাবে।</td></tr>
<tr><td>০২</td><td>নৈমিত্তিক ছুটি প্রদান পদ্ধতি সহজিকরণ।</td><td>এ অধিদপ্তরে বিদ্যমান পদের সংখ্যা ৩৫৭টি। বিধি মোতাবেক প্রত্যেক কর্মচারী ২০ দিন নৈমিত্তিক ছুটি প্রাপ্য হন। প্রতিদিন গড়ে ২০টি নৈমিত্তিক ছুটির আবেদন জমা হয়। নৈমিত্তিক ছুটি অনুমোদন হতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনসহ নূন্যতম ৭টি ধাপ অতিরিক্ত করতে হয়। এ সকল ধাপসমূহ কমিয়ে সেবা সহজিকরণ কীভাবে করা যায় তা নিয়ে অধিদপ্তর কাজ করছে।</td><td>কর্মকর্তা/কর্মচারীর ভোগান্তি কম হবে।<br><br>দ্রুততম সময়ের মধ্যে সিদ্ধান্ত প্রাপ্ত হবে।</td></tr>
</table>

# <u>বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট</u>

নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | শিক্ষক তালিকা প্রস্তুত ও আপলোডকরণ | বিসিটিআই-এর শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য শিক্ষক তালিকা প্রস্তুত করা এবং তা ওয়েবসাইটে আপলোডকরণ। | সেবা গ্রহণকারী বিশ্বের যে কোন প্রান্ত হতে ইনস্টিটিউটের শিক্ষক সম্পর্কে জানতে পারবে। |
| ০২ | শিক্ষক মূল্যায়ন ফরম চালুকরণ | শিক্ষার্থী কর্তৃক শিক্ষক মূল্যায়ন ফরম চালুকরণ। | ইনস্টিটিউটের প্রশিক্ষণের মান উন্নয়নকল্পে শিক্ষক মূল্যায়নের বিষয়টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। |

# তথ্য কমিশন

## নাগরিক সেবা পদ্ধতি  সহজিকরণের তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির অপারগতার নোটিশ অনলাইনকরণ | আরটিআই অনলাইন ট্রাকিং সিস্টেমের মাধ্যমে অপারগতার নোটিশ প্রদানের জন্য ছোট মডিউল প্রস্তুত করা | ম্যানুয়াল পদ্ধতিতে TVC বেশী |
| ০২ | তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী অনলাইনে সমন জারির ব্যবস্থা গ্রহণ | অনলাইনে সমন প্রেরণের ব্যবস্থা করা | ম্যানুয়াল পদ্ধতিতে TVC বেশী |
| ০৩ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী অভিযোগের শুনানীর সিডিউল ওয়েবসাইট আপলোডকরণ | অভিযোগের শুনানীর সিডিউল ওয়েবসাইটে আপলোড থাকলে নাগরিকদের ফোন করে কিংবা তথ্য কমিশনে উপস্থিত হয়ে তার নির্ধারিত শুনানীর তারিখ ও সময় জানতে হাবেনা। যেকোন জায়গা থেকেই ওয়েবসাইটের মাধ্যমে জানতে পারবেন। | TVC হ্রাস পাবে |